জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট এফ ১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ই-মেইল-taxappeal14@gmail.com

নথি: ০৮.০১.০০০০.০৩৬.০১.০০১.২১/

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

21 OCT 2025

## অফিস আদেশ

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৮ এর উপধারা ৪ ও উপধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে নবসৃষ্ট কর অঞ্চলসমূহের আপীল অধিক্ষেত্র নির্ধারণ ও সকল কর আপীল অঞ্চলসমূহের আপীল অধিক্ষেত্র পুনর্বিন্যাসকরণের নিমিত্ত ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ রহিত করে নিম্নোক্ত তফসিল অনুযায়ী সকল কর আপীল অঞ্চলসমূহের আপীল অধীক্ষেত্র ন্যস্ত করা হলো।

### তফসিল

**কর আপীল অঞ্চল-খুলনা এর অধিক্ষেত্রসমূহ**

| ক্রমিক নং | আপীল কর্তৃপক্ষ | অধিক্ষেত্রসমূহ |
|---|---|---|
| ১। | কর কমিশনার (আপীল)<br>কর আপীল অঞ্চল-খুলনা | কর কমিশনার, কর অঞ্চল-খুলনা, যশোর, বরিশাল এবং ফরিদপুর এর অধিক্ষেত্রাধীন সকল কোম্পানী, ৫০,০০,০০০/- টাকার উর্ধ্বে আয় সম্বলিত কর মামলাসমূহ এবং উক্ত কর অঞ্চল সমূহের ১২ ও ২১৩ ধারার মামলাসমূহ। |
| ২। | আপীলাত অতিরিক্ত কর কমিশনার<br>আপীলাত রেঞ্জ-১ (খুলনা)<br>কর আপীল অঞ্চল-খুলনা | কর কমিশনার, কর অঞ্চল- খুলনা এবং যশোর এর পরিদর্শী রেঞ্জ-১ ও রেঞ্জ-৩ অধিক্ষেত্রাধীন সকল কোম্পানী, ৫০,০০,০০০/- টাকার উর্ধ্বে আয় সম্বলিত কর মামলাসমূহ এবং ১২ ও ২১৩ ধারার মামলা ব্যতিত অত্র রেঞ্জসমূহের অধিক্ষেত্রাধীন কোম্পানীর পরিচালকসহ সকল করদাতার মামলাসমূহ। |
| ৩। | আপীলাত অতিরিক্ত কর কমিশনার<br>আপীলাত রেঞ্জ-২ (খুলনা)<br>কর আপীল অঞ্চল-খুলনা | কর কমিশনার, কর অঞ্চল- খুলনা এবং যশোর এর পরিদর্শী রেঞ্জ-২ ও রেঞ্জ-৪ অধিক্ষেত্রাধীন সকল কোম্পানী, ৫০,০০,০০০/- টাকার উর্ধ্বে আয় সম্বলিত কর মামলাসমূহ এবং ১২ ও ২১৩ ধারার মামলা ব্যতিত অত্র রেঞ্জসমূহের অধিক্ষেত্রাধীন কোম্পানীর পরিচালকসহ সকল করদাতার মামলাসমূহ। |
| ৪। | আপীলাত যুগ্ম কর কমিশনার<br>আপীলাত রেঞ্জ-৩ (বরিশাল)<br>কর আপীল অঞ্চল-খুলনা | কর কমিশনার, কর অঞ্চল-বরিশাল এর অধিক্ষেত্রাধীন সকল কোম্পানী, ৫০,০০,০০০/- টাকার উর্ধ্বে আয় সম্বলিত কর মামলাসমূহ এবং ১২ ও ২১৩ ধারার মামলা ব্যতিত অত্র কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানীর পরিচালকসহ সকল করদাতার মামলাসমূহ। |
| ৫। | আপীলাত যুগ্ম কর কমিশনার<br>আপীলাত রেঞ্জ-৪ (ফরিদপুর)<br>কর আপীল অঞ্চল-খুলনা | কর কমিশনার, কর অঞ্চল-ফরিদপুর এর অধিক্ষেত্রাধীন সকল কোম্পানী, ৫০,০০,০০০/- টাকার উর্ধ্বে আয় সম্বলিত কর মামলাসমূহ এবং ১২ ও ২১৩ ধারার মামলা ব্যতিত অত্র কর অঞ্চলের অধিক্ষেত্রাধীন কোম্পানীর পরিচালকসহ সকল করদাতার মামলাসমূহ। |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এ আদেশের মাধ্যমে জারিকৃত অধিক্ষেত্র আদেশের পূর্ববর্তী তারিখ পর্যন্ত দাখিলকৃত আপীল মামলাসমূহ পূর্বের অধিক্ষেত্র আদেশ অনুযায়ী ঐ সকল কর আপীল অঞ্চলসমূহে নিষ্পত্তি করতে হবে। অর্থাৎ, সকল কর আপীল অঞ্চলসমূহের অধিক্ষেত্র আদেশ জারির তারিখ ২১ অক্টোবর, ২০২৫ খ্রি. হতে দাখিলকৃত আপীল মামলাসমূহের ক্ষেত্রে নতুন অধিক্ষেত্র প্রযোজ্য হবে।

স্বা: ২১/১০/২৫

(মোঃ নাজমুল করিম)
সদস্য
কর আপীল ও অব্যাহতি
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

CamScanner